
# IPEMIS

## Non-government Primary School Registration (NGPSR)

# বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন

শিক্ষা অফিসারদের জন্য ব্যবহার নির্দেশিকা



# সূচিপত্র

## বিদ্যালয়ের পাঠদানের আবেদন রিভিউ


- লগইন করা ........ ৪
- পেন্ডিং আবেদনসমূহ দেখা ........ ৫
- প্রত্যাশিত আবেদন খুঁজে রিভিউ করা ........ ৬
- আবেদন রিভিউ করা ........ ৭
- সংশোধনের জন্য ফেরত পাঠানো ........ ৮
- আবেদন ফরওয়ার্ড করা ........ ৯
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের জন্য-আবেদন রিভিউ এবং অনুমোদন করা ........ ১০
- রিভিউ সম্পন্ন করা ........ ১১


## বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন রিভিউ


- বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন রিভিউ প্রক্রিয়া ........ ১৩
- উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার-মূল্যায়ন প্রতিবেদন তৈরি ........ ১৪
- বিভাগীয় উপ পরিচালকের জন্য-আবেদন রিভিউ এবং অনুমোদন করা ........ ১৬



## বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের আবেদন রিভিউ


- বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের আবেদন রিভিউ প্রক্রিয়া ........ ১৮

# বিদ্যালয়ের পাঠদানের আবেদন রিভিউ

সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার → উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার → জেলা প্রাথমিক শিক্ষা অফিসার


# লগইন করা




প্রথমে আবেদনকৃত বিদ্যালয়ের অবস্থান অনুযায়ী সেই উপজেলার **সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার** , পরবর্তীতে **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার** এবং এরপরে **জেলা প্রাথমিক শিক্ষা অফিসার** এর দ্বারা আবেদনটি রিভিউ হবে।
তাঁরা প্রয়োজনমত সংশোধনের জন্য আবেদন ফেরত পাঠাতে পারেন এবং আবেদন ফরওয়ার্ড করে নিজস্ব রিভিউ সম্পন্ন করতে পারেন।

১. নির্দিষ্ট উপজেলায় নিযুক্ত সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পরবর্তীতে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ফোন নাম্বার এবং পাসওয়ার্ড দিয়ে IPEMIS সিস্টেমে লগইন করবেন।


# পেন্ডিং আবেদনসমূহ দেখা




১. ড্যাশবোর্ড থেকে বামের মেনু তে **"আবেদনের তালিকা"** তে ক্লিক করুন।

২. আবেদনের তালিকা থেকে **"পেন্ডিং আবেদনসমূহ"** বাটনে ক্লিক করুন।


# প্রত্যাশিত আবেদন খুঁজে রিভিউ করা




১. পেন্ডিং আবেদনসমূহের তালিকা হতে **বেসরকারি বিদ্যালয়ের পাঠদানের অনুমতির আবেদন** খুঁজে বের করুন। এই ক্ষেত্রে আপনি উপরের সার্চ এবং অ্যাডভান্সড ফিল্টার বাটনের সাহায্য নিতে পারেন।

২. আপনার প্রত্যাশিত আবেদনের উপরে ডানে **"রিভিউ করুন"** বাটনে ক্লিক করুন।

# আবেদন রিভিউ করা





১. যদি আবেদনটি যথাযথ হয়, তাহলে নিচে **“ফরওয়ার্ড করুন”** বাটনে ক্লিক করে আবেদনটি উর্ধ্বতন কর্মকর্তার কাছে পাঠিয়ে দিন।

২. পুরো আবেদনটি দেখে যেখানে সংশোধনের প্রয়োজন সেখানে নিচে ডানে **“মন্তব্য লিখুন”** বাটনে ক্লিক করুন।

৩. বাটনে ক্লিক করলে নিচে একটি মন্তব্য লেখার জায়গা আসবে। সেখানে আপনার মন্তব্য লিখুন।

৪. সকল প্রয়োজনীয় জায়গায় মন্তব্য দেওয়া হলে, নিচে **“সংশোধনের জন্য ফেরত পাঠান”** বাটনে ক্লিক করুন।


# সংশোধনের জন্য ফেরত পাঠানো




১. সংশোধনের জন্য ফেরত পাঠানোর বাটনে ক্লিক করলে, এরকম একটি মোডাল আসবে। অতিরিক্ত কোন মন্তব্য দেওয়ার হলে, এখানে লিখুন।

২. সকল মন্তব্য দেওয়া শেষে **সংশোধনের জন্য ফেরত পাঠান** বাটনে ক্লিক করুন।


# আবেদন ফরওয়ার্ড করা




১. সংশোধনের প্রয়োজন না হলে আবেদন উর্ধ্বতন কর্মকর্তার কাছে ফরওয়ার্ড করতে **“ফরওয়ার্ড করুন”** বাটনে ক্লিক করবেন।

২. একটি মোডাল আসবে, যেখানে প্রয়োজন মত মন্তব্য করতে পারেন। ফরওয়ার্ড করা নিশ্চিত করতে মোডালের নিচে **“ফরওয়ার্ড করুন”** বাটনে ক্লিক করুন।

# জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের জন্য-আবেদন রিভিউ এবং অনুমোদন করা





১. পর্যায়ক্রমে সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবেদন ফরওয়ার্ড করার পর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবেদন রিভিউ করবেন এবং চূড়ান্ত অনুমোদন দেবেন।

২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিদ্যালয়ের নিবন্ধনের জন্য কিছু শর্তসমূহ নির্বাচন করবেন, যার পূরণ করা হলে পরবর্তীতে নিবন্ধনের অনুমোদন দেওয়া হবে।

৩. অনেকগুলো শর্তসমূহ সিস্টেমে দেওয়া থাকবে, যেখান থেকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার শর্ত নির্বাচন করবেন। প্রয়োজন অনুযায়ী নিচে বামে **"নিবন্ধনের শর্ত যোগ করুন"** বাটনে ক্লিক করে আরও শর্ত যোগ করতে পারবেন।

৩. একাধিক শর্ত যোগ করা যাবে। প্রতিটি শর্তের বামে চেকবক্সে ক্লিক করে শর্ত যোগ করুন।

# রিভিউ সম্পন্ন করা





১. আবেদনটি নোটিফিকেশনসহ আবেদনকারীর কাছে সংশোধনের জন্য ফেরত চলে যাবে অথবা ফরওয়ার্ড করা হলে উর্ধ্বতন কর্মকর্তার কাছে রিভিউর জন্য চলে যাবে।

# বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন রিভিউ

সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার > উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার > জেলা প্রাথমিক শিক্ষা অফিসার > বিভাগীয় উপ পরিচালক

# বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন রিভিউ প্রক্রিয়া





প্রথমে আবেদনকৃত বিদ্যালয়ের অবস্থান অনুযায়ী সেই উপজেলার **সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার** , পরবর্তীতে **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার** এবং পরে **বিভাগীয় উপ পরিচালক** এর দ্বারা আবেদনটি রিভিউ ও চূড়ান্ত অনুমোদন হবে।
তাঁরা প্রয়োজনমত সংশোধনের জন্য আবেদন ফেরত পাঠাতে পারেন এবং আবেদন ফরওয়ার্ড করে নিজস্ব রিভিউ সম্পন্ন করতে পারেন।

১. **সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   **জেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   -এর জন্য নিবন্ধনের আবেদনের রিভিউ এর প্রক্রিয়া একই রকম। পৃষ্ঠা ০৪ থেকে ১১ দ্রষ্টব্য।

২. **বিভাগীয় উপ পরিচালক**
   - এর জন্য নিবন্ধনের আবেদনের রিভিউ এর প্রক্রিয়া পাঠদানের অনুমোদনের আবেদনে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ের অনুমোদন প্রক্রিয়ার মত।

৩. **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   -রিভিউ এর প্রক্রিয়ায় মূল্যায়ন প্রতিবেদন তৈরি করে সাবমিট করবেন।
   উর্ধ্বতন রিভিউয়ার এই প্রতিবেদন দেখতে পাবেন।


# উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার-মূল্যায়ন প্রতিবেদন তৈরি




১. অনুমোদনের জন্য অপেক্ষমাণ আবেদনের তালিকা থেকে এই নিবন্ধনের আবেদন পেইজে আসবেন।

২. আবেদন রিভিউ করে নিচে **“মূল্যায়ন প্রতিবেদন তৈরি করুন”** বাটনে ক্লিক করুন।

# উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার-মূল্যায়ন প্রতিবেদন তৈরি





১. আবেদনের নিচে কিছু ইনপুট ফিল্ড বা তথ্য লেখার ঘর থাকবে। প্রশ্ন অনুযায়ী ঘরে তথ্য লিখুন।

২. * চিহ্নিত তথ্য পূরণ করা আবশ্যক।

৩. তথ্য পুরণ সম্পন্ন হলে নিচে সাবমিট করুন বাটনে ক্লিক করুন।

# বিভাগীয় উপ পরিচালকের জন্য-আবেদন রিভিউ এবং অনুমোদন করা




১. পর্যায়ক্রমে সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার , উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবেদন ফরওয়ার্ড করার পর বিভাগীয় উপ পরিচালক আবেদন রিভিউ করবেন এবং চূড়ান্ত অনুমোদন দেবেন।

২. বিভাগীয় উপ পরিচালক বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের জন্য কিছু শর্তসমূহ নির্বাচন করবেন, যার পূরণ করা হলে পরবর্তীতে নবায়নের অনুমোদন দেওয়া হবে।

৩. অনেকগুলো শর্তসমূহ সিস্টেমে দেওয়া থাকবে, যেখান থেকে বিভাগীয় উপ পরিচালক শর্ত নির্বাচন করবেন। প্রয়োজন অনুযায়ী নিচে বামে **"নিবন্ধনের শর্ত যোগ করুন"** বাটনে ক্লিক করে আরও শর্ত যোগ করতে পারবেন।


৪. একাধিক শর্ত যোগ করা যাবে। প্রতিটি শর্তের বামে চেকবক্সে ক্লিক করে শর্ত যোগ করুন।

৫. শর্ত যোগ করা হলে **অনুমোদন করুন** বাটনে ক্লিক করুন।

# বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের আবেদন রিভিউ

সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার > উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার > জেলা প্রাথমিক শিক্ষা অফিসার > বিভাগীয় উপ পরিচালক

# বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের আবেদন রিভিউ প্রক্রিয়া




প্রথমে আবেদনকৃত বিদ্যালয়ের অবস্থান অনুযায়ী সেই উপজেলার **সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার** , পরবর্তীতে **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার** এবং পরে **বিভাগীয় উপ পরিচালক** এর দ্বারা আবেদনটি রিভিউ ও চূড়ান্ত অনুমোদন হবে।
তাঁরা প্রয়োজনমত সংশোধনের জন্য আবেদন ফেরত পাঠাতে পারেন এবং আবেদন ফরওয়ার্ড করে নিজস্ব রিভিউ সম্পন্ন করতে পারেন।

১. **সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   **জেলা প্রাথমিক শিক্ষা অফিসার**
   -এর জন্য নিবন্ধন নবায়নের আবেদনের রিভিউ এর প্রক্রিয়া একই রকম।

২. **বিভাগীয় উপ পরিচালক**
   - এর জন্য নবায়ন আবেদনের রিভিউ এর প্রক্রিয়া নিবন্ধনের অনুমোদনের প্রক্রিয়ার মত।

সমাপ্ত